# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 01 May, 2025

চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়েতে কুকুরের উৎপাতে অতিষ্ঠ হয়ে পড়েছেন বিমানের পাইলটরা।নিরাপত্তা ঝুঁকি তৈরি হওয়ায় তাদের অভিযোগের পরিপ্রেক্ষিতে রানওয়ে থেকে কুকুর সরানোর অনুরোধ করে চট্টগ্রাম সিটি করপোরেশনকে (চসিক) চিঠি দিয়েছেন বিমানবন্দর কর্তৃপক্ষ।

গত ২১ এপ্রিল (সোমবার) চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আবদুল্লাহ আলমগীর  এ বিষয়ে সিটি মেয়র ডা. শাহাদাত হোসেনকে চিঠি দিয়েছেন।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, বিমানবন্দরের অ্যাপ্রোন ও রানওয়েসংলগ্ন এলাকায় ইদানিং কুকুরের উৎপাত আশঙ্কাজনক হারে বেড়েছে।এতে বিমানবন্দরের অপারেশনাল কার্যক্রম ও নিরাপত্তায় বিঘ্ন ঘটছে।কুকুরের কারণে প্রায়ই বিমানের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটছে।বিভিন্ন বিমানের পাইলটরা একাধিকবার এ বিষয়ে পরিচালকের দফতরে অভিযোগ করেছেন।

বিমানবন্দরে নিরাপদে ফ্লাইট উড্ডয়ন ও অবতরণের জন্য জরুরি ভিত্তিতে কুকুরের উৎপাত বন্ধের জন্য চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়রকে অনুরোধ করেছেন পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আবদুল্লাহ আলমগীর।

এবিষয়ে বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বলেন, রানওয়েতে অনেক কুকুর ঢুকে পড়েছে।শুধু কুকুর নয়, শিয়ালের সংখ্যাও বেড়েছে।কুকুর-

শিয়ালের উৎপাতে বিমানবন্দরে অপারেশনাল কার্যক্রমে ঝুঁকি তৈরি হয়েছে।আমাদের পক্ষে তো এ বিষয়ে কিছু করা সম্ভব নয়।সিটি করপোরেশনকে চিঠি দিয়ে বলা হয়েছে ব্যবস্থা নিতে। অন্তত কুকুরগুলো যেন রানওয়ে থেকে সরিয়ে নেওয়া হয়, সেটা বলা হয়েছে।

জানতে চাইলে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, আসছে সাধারণ সভায় বিমানবন্দর কর্তৃপক্ষের চিঠির বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে বলে।

চট্টগ্রাম,আন্তর্জাতিক বিমানবন্দর বিমানের পাইলটরা কুকুরের উৎপাতে

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:32

URL: https://timestodaybd.com/across-the-country/1709211166